গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬০.১৪- ৭৮৬

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০ / ০৩ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' উদ্‌যাপনের নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার স্মারক নং-৮৬০, তারিখ: ৩০/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছর 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' ১৪ সেপ্টেম্বর উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সকল সিটি কর্পোরেশন মাননীয় মেয়রগণ, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণ, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ, পৌর পরিষদের মেয়রগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ১৪ সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠেয় কেন্দ্রীয় কর্মসূচিতে উপস্থিত থাকার বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্থানীয় পর্যায়ের কর্মসূচিতে জনপ্রতিনিধিগণের উপস্থিত থাকা আবশ্যক। তদ্‌প্রেক্ষিতে স্থানীয় পর্যায়ের কর্মসূচি, কেন্দ্রীয় কর্মসূচি সম্পন্ন করে জনপ্রতিনিধিগণের নিজ নিজ কর্মস্থলে প্রত্যাবর্তনের পর এ দিবসের কর্মসূচি বাস্তবায়ন করা হলে তা অধিকতর ফলপ্রসু হবে। সুষ্ঠুভাবে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে এ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' উদ্‌যাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩/৯/২৩

(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২
E-mail: lgpaura2@lgd.gov.bd

মেয়র/প্রশাসক (সকল)
....................পৌরসভা
জেলা:.......................।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

G/Drive/manik/Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২-৮৬০

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ / ৩০ আগস্ট ২০২৩

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে, এ বছর 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ৫ সেপ্টেম্বরের পরিবর্তে ১৪ সেপ্টেম্বর উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সকল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রগণ, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণ, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ, পৌর সভার মেয়রগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ১৪ সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠেয় কেন্দ্রীয় কর্মসূচিতে উপস্থিত থাকার বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্থানীয় পর্যায়ের কর্মসূচিতে জনপ্রতিনিধিগণের উপস্থিত থাকা আবশ্যক। তদ্‌প্রেক্ষিতে স্থানীয় পর্যায়ের কর্মসূচি, কেন্দ্রীয় কর্মসূচি সম্পন্ন করে জনপ্রতিনিধিগণের নিজ নিজ কর্মস্থলে প্রত্যাবর্তনের পর এ দিবসের কর্মসূচি বাস্তবায়ন করা হলে তা অধিকতর ফলপ্রসূ হবে। এছাড়া, প্রতিটি উপজেলা এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (সকল), ওয়াসা (সকল) এর স্ব স্ব সদর দপ্তরে 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' অনুষ্ঠানেরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা প্রয়োজন। জাতীয় কর্মসূচিতে জনপ্রতিনিধিগণ অংশগ্রহণ করলে স্থানীয় পর্যায়ের কর্মসূচি একইদিনে বাস্তবায়নে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা থাকছে না। সেক্ষেত্রে জনপ্রতিনিধিগণের কেন্দ্রীয় কর্মসূচি সম্পন্ন করে কর্মস্থলে প্রত্যাবর্তনের পর একই সময়ে স্থানীয় পর্যায়ে দেশব্যাপী কর্মসূচি গৃহীত হওয়া প্রয়োজন।

৩। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) ১৪ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের পর উপজেলা পর্যায়ে ১৭-১৯ সেপ্টেম্বর ৩ (তিন) দিন ব্যাপী 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' আয়োজন করতে হবে;

(২) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), ওয়াসা (সকল) স্ব স্ব সদর দপ্তরে 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' আয়োজনসহ নিজ নিজ কর্মসূচি বাস্তবায়ন করবে;

(৩) সেপ্টেম্বর ১৭-১৯ এই ৩ (তিন) দিন প্রদর্শনী, র‍্যালী, আলোচনা অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করতে হবে;

(৪) সিটি কর্পোরেশনসমূহ উক্ত সময়ের মধ্যে 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলাসহ' নিজস্ব কর্মসূচি গ্রহণ করবে;

(৫) ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে সমাবেশ এবং আলোচনা অনুষ্ঠান উক্ত তারিখের মধ্যে সুবিধাজনক সময় করতে হবে।

৩০.০৮.২৩
(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email :lgup1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল)।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য